# 2024

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-13**

**(Indian Logic and Epistemology- II)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে থেকে ***যে-কোনো দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০

(ক) 'সপক্ষ' হল

(অ) নিশ্চিত সাধ্যবান্ (আ) নিশ্চিত সাধ্যাভাববান্

(ই) সন্দিগ্ধ সাধ্যবান্ (ঈ) কোনোটিই নয়।

(খ) কেবলব্যতিরেকী হেতুর গমকত্বের প্রযোজক ধর্ম হল

(অ) চারটি (আ) তিনটি

(ই) পাঁচটি (ঈ) দুটি।

(গ) অনুমিতির উৎপত্তিতে 'সিদ্ধি' হল

(অ) উত্তেজক (আ) প্রতিবন্ধক

(ই) উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(ঘ) 'ভূয়োদর্শন' শব্দের আক্ষরিক অর্থ হল

(অ) হেতু ও সাধ্যের পুনঃপুনঃ সহচার দর্শন (আ) ব্যভিচার দর্শন

(ই) ভ্রম প্রত্যক্ষ (ঈ) কোনোটিই নয়।

(ঙ) দীপিকায় যে-কয়টি উপাধির কথা উল্লিখিত হয়েছে তা হল

(অ) তিনটি (আ) চারটি

(ই) দুটি (ঈ) ছয়টি।

(চ) 'ছত্রিণো গচ্ছন্তি'— এটি যে প্রকার লক্ষণার দৃষ্টান্ত সেটি হল

(অ) অজহৎ লক্ষণা (আ) জহৎ লক্ষণা

(ই) জহৎ-অজহৎ-লক্ষণা (ঈ) কোনোটিই নয়।

(ছ) উপমিতির ব্যাপার হল

(অ) সাদৃশ্যজ্ঞান (আ) অতিদেশবাক্য

(ই) ব্যাপ্তিজ্ঞান (ঈ) অতিদেশ বাক্যার্থ-স্মরণ।

(জ) নিম্নলিখিত যেটি শক্তিগ্রহের উপায় নয়, সেটি হল

(অ) বৃদ্ধব্যবহার (আ) তর্ক

(ই) ব্যাকরণ (ঈ) আপ্তবাক্য।

(ঝ) অন্নংভট্টের মতে 'ঘট' শব্দটি তার শক্তি দ্বারা যা বোঝায় তা হল

(অ) ঘটত্ব জাতি (আ) ঘট ব্যক্তি

(ই) ঘটত্ব জাতিবিশিষ্ট ঘট ব্যক্তি (ঈ) কোনোটিই নয়।

(ঞ) ন্যায়মতে জ্ঞাননিষ্ঠ প্রামাণ্যকে জানা যায়

(অ) শব্দের দ্বারা (আ) প্রত্যক্ষের দ্বারা

(ই) উপমানের দ্বারা (ঈ) অনুমানের দ্বারা।

(ট) ন্যায়মতে শক্তি হল

(অ) গুণ (আ) দ্রব্য

(ই) সমবায় (ঈ) কর্ম।

(ঠ) ব্যঞ্জনাবৃত্তি স্বীকার করেন

(অ) অন্নংভট্ট (আ) আলংকারিকগণ

(ই) মহর্ষি গৌতম (ঈ) সকলেই।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো পাঁচটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) পরামর্শ কাকে বলে?

(খ) তর্কসংগ্রহ অবলম্বনে ব্যাপ্তির লক্ষণটি আলোচনা করো।

(গ) সাধারণ সব্যভিচার হেত্বাভাস এবং বিরুদ্ধ হেত্বাভাসের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করো।

(ঘ) 'ঘটটি জ্ঞেয় যেহেতু তা বাচ্য'—এই অনুমিতির পঞ্চ অবয়ব গঠন করো।

(ঙ) তর্কসংগ্রহ ও দীপিকা অবলম্বনে শক্তির লক্ষণ ব্যাখ্যা করো।

(চ) জ্ঞানের প্রামাণ্যের উৎপত্তি বিষয়ে ন্যায়মত আলোচনা করো।

(ছ) গৌণীকে কি পৃথক বৃত্তিরূপে স্বীকার করা যায়? অন্নংভট্টকে অনুসরণ করে উত্তর দাও।

(জ) ত্রিপুটীপ্রত্যক্ষবাদের সমর্থক কে? তাঁর মতে জ্ঞানের প্রামাণ্য কীভাবে জানা যায়?

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) তর্কসংগ্রহ অনুসারে অনুমিতির লক্ষণ ব্যাখ্যা করো। উক্ত লক্ষণটিকে কেন এবং কীভাবে দীপিকায় পরিবর্তন করা হয়েছে? বিশদে ব্যাখ্যা করো। ৫+১০

(খ) তর্কসংগ্রহে যে প্রসঙ্গে উপাধির আলোচনা করা হয়েছে, তার পরিপ্রেক্ষিতে উপাধির লক্ষণ ব্যাখ্যা করো। দীপিকা অনুসারে বিভিন্ন প্রকার উপাধি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৭+৮

(গ) নিম্নলিখিত অনুমিতিগুলির পক্ষ, সাধ্য ও হেতু নির্দেশ করো এবং হেতুটি কেন অশুদ্ধ তা ব্যাখ্যা করো (*যে-কোনো তিনটি*) ঃ ৫×৩

(অ) শশশৃঙ্গ তীক্ষ্ণ, কেননা তা হল শৃঙ্গ।

(আ) সব পদার্থই ক্ষণিক, যেহেতু সব পদার্থই সৎ।

(ই) চিনি তিক্ত, যেহেতু তা দ্রব্য।

(ঈ) পর্বতটি ধূমবান্, যেহেতু তা বহ্নিমান।

(ঘ) (অ) আকাঙ্ক্ষা, যোগ্যতা ও সন্নিধি বলতে অন্নংভট্ট কী বুঝিয়েছেন?

(আ) শাব্দবোধের প্রতি এগুলিকে না কি এগুলির জ্ঞানকে কারণ বলা হয়? সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ই) তাৎপর্য কাকে বলে?

(ঈ) তাৎপর্যকে শাব্দবোধের কারণ বলা যায় কি? আলোচনা করো। ৬+৩+২+৪

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

1. Answer ***any ten*** of the following questions selecting the correct option : 1×10

(a) '*Sapakṣa*' is

(i) that which is characterised by the sure presence of the probandum (*Niścita-sādhyavān*)

(ii) that which is characterised by the certain absence of the probandum (*Niścita-sādhyābhāvavān*)

(iii) that which is characterised by an uncertain probandum (*sandigdha sādhyavān*)

(iv) None of the above.

(b) The properties which are responsible for the validity of *Kevala-vyatirekī hetu* are

(i) Four (ii) Three

(iii) Five (iv) Two.

(c) *Siddhi* (certainty), in the origination of *anumiti* is

(i) *Uttejaka* (Stimulant) (ii) *Pratibandhaka* (counteractive agent)

(iii) Both (iv) None of these.

(d) The etymological meaning of the word '*bhuyodarśan*' is

(i) repeated perception of the copresence of *hetu* and *sādhya*

(ii) perception of *vyabhicāra*

(iii) erroneous perception

(iv) None of these.

(e) The types of *Upādhi* mentioned in *Dīpikā* are

(i) Three (ii) Four

(iii) Two (iv) Six.

(f) '*Chatrinoh gacchanti*' ('people with parasols are passing') is an example of

(i) *ajahat lakṣaṇā* (ii) *jahat lakṣaṇā*

(iii) *jahat-ajahat-lakṣaṇā* (iv) None of these.

(g) *Vyāpāra* of *upamiti* is

(i) *sādṛśya-jñāna*

(ii) *atideśavākya*

(iii) *vyāpti-jñāna*

(iv) *atideśa-vākyārtha-smaraṇa* (remembering the meaning of the statement of the forester).

(h) One of the following which is not a means of ascertaining *Śakti* (*Śakti-grahopāya*) is :

(i) *Vṛddha-vyavahāra* (ii) *Tarka*

(iii) *Vyākaraṇa* (Grammar) (iv) *Āptavākya*.

(i) According to Annaṃbhatta the word 'pot' by its *Śakti* refers to

(i) the universal potness

(ii) the individual pot

(iii) the individual pot as characterised by the universal potness

(iv) None of the above.

(j) According to Nyāya, the validity of cognition is known through

(i) *śabda* (ii) *pratyakṣa*

(iii) *upamāna* (iv) *anumāna*.

(k) *Śakti*, according to Nyāya is

(i) *guṇa* (quality) (ii) *dravya* (substance)

(iii) *samavāya* (inherence) (iv) *karma* (action).

(l) *Vyanjanā-vṛtti* is admitted by

(i) Annaṃbhatta (ii) Ālaṃkārikas

(iii) Maharṣi Gautama (iv) All of them.

2. Answer briefly *any five* questions of the following : 5×5

(a) What is *parāmarśa*?

(b) Discuss the definition of *vyāpti* following Tarkasaṃgraha.

(c) Explain with example the distinction between *sādharaṇa savyābhicāra hetvābhāsa* and *viruddha hetvābhāsa*.

(d) 'The jar is knowable as it is nameable.'– Construct the five *avayavas* of this *anumiti*.

(e) Explain the definition of *śakti* following *Tarkasaṃgraha* and *Dīpikā*.

(f) Discuss the Nyāya doctrine regarding the origination of the validity of cognition.

(g) Can '*gauṇī*' be accepted as a separate *vṛtti*? Discuss after Annaṃbhatta.

(h) Who is the supporter of '*triputi-pratyakṣa-vādá*? How is the validity of cognition is known by him?

3. Answer *any two* questions :

(a) Explain the definition of *anumiti* after Tarkasaṃgraha. Why and how the definition is amended in *Dīpikā*? Explain in detail. 5+10

(b) Explain the definition of *upādhi* with reference to the context in which it has been discussed in *Tarkasaṃgraha*. Discuss with examples the different types of *upādhi* following *Dīpikā*. 7+8

(c) Indicate the *pakṣa*, *sādhya* and *hetu* of the following inferences and explain why the *hetu* is defective (*any three*) : 5×3

(i) Hare's horn is sharp because it is a horn.

(ii) Everything is momentary because everything is existent.

(iii) Sugar is bitter because it is a substance.

(iv) The hill is smoky because it has fire.

(d) (i) What does Annaṃbhatta mean by *ākāṁkṣā*, *yogyatā* and *sannidhi*?

(ii) Whether these or the cognition of these are regarded as the causes of *śābdabodha*? Explain in brief.

(iii) What is *tātparya*?

(iv) Can *tātparya* be regarded as the cause of *śābdabodha*? Discuss. 6+3+2+4

———————